গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(সংস্থাপন শাখা)
www.jamalpur.gov.bd



স্মারক নম্বর -০৫.৪৫.৩৯০০.০১০.০৪.০৩৪.২৬-২০৩

তারিখ : ১৬ কার্তিক ১৪৩৩বঙ্গাব্দ
০১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১৫ শাখার ৩১ জুলাই ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৩৭.১৫-৮১ নং স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১৫ শাখার ১২আগস্ট ২০২৬ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০৩৭.১৫-৯৩ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ও বিভাগীয় কমিশনারের কার্যালয় ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ এর ১৭ আগস্ট ২০২৬ তারিখের ০৫.৪৫.৩৯০০.০১০.০৪.০৩৪.২৪.১৪৩ নং স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর এর সাধারণ প্রশাসনের আওতাভুক্ত ১৩ ও ১৬ এবং ২০তম গ্রেডের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী প্রচলিত নিয়োগ বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন জামালপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অনলাইনে (http://dcjamalpur.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ ২৪০০০-৫৮০০০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা-২০১৯ এর তফসিল-২ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ।
২	লাইব্রেরী সহকারী গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩	বেঞ্চ সহকারী গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ)কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৪	কপিস্ট গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০/-	০৫ (পাঁচ) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৫	সার্টিফিকেট সহকারী গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০/-	০৫ (পাঁচ) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ)কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৬	হিসাব সহকারী গ্রেড-১৬ ২১৯০০-৫২৯০০/-	০৫ (পাঁচ) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ)কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৭	অফিস সহায়ক গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০/-	০৯ (নয়) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ
৮	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০/-	১৯ (উনিশ) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে; এবং (গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

৯	বেয়ারার গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০/-	০৪ (চার) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
১০	পরিচ্ছন্নতাকর্মী গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০/-	১৬ (ষোল) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
১১	মালি গ্রেড-২০ ২০০০০-৪৮৪০০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) এর তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্তাবলী:

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও জামালপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩. জেলা প্রশাসক, জামালপুর বরাবর আবেদন করতে হবে।

৪. প্রার্থীর বয়সসীমা ২৫/১১/২০২৬ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

৫. অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টের মূলকপিসহ একসেট ফটোকপি আবশ্যিকভাবে জমা দিতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর কপি;
(খ) ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(ঙ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে চাকুরির আবেদন করতে আগ্রহী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।
(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত পরিচয় বিষয়ক সনদপত্র;
(জ) ডাউনলোডকৃত Applicant Copy এর ফটোকপি;
(ঝ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

৭. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণে ক্রমিক নং ১-এ সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এবং জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত-২০২৪) সহ নিয়োগ সংক্রান্ত প্রচলিত সরকারি সকল বিধি-বিধান, নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করা হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোনো বিধি-বিধান জারিকৃত/সংশোধিত হলে জারিকৃত/সংশোধিত বিধি-বিধান এ নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮. বিভাগীয়/চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৯. নিয়োগের ব্যাপারে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১০. উপর্যুক্ত শর্তাবলী মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১১. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির সকল বিষয়াদি সংশ্লিষ্ট প্রচলিত আইন, নিয়োগ বিধিমালা এবং সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশাবলী দ্বারা নির্ধারিত হবে।

১২. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. একজন প্রার্থী শুধু একটি পদে আবেদন করতে পারবেন, একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৫. **কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।**

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcjamalpur.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৪/১১/২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৫/১১/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ টা।

বর্ণিত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোনো Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel· প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ·প্রস্থ ৮০ pixel) নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KBও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KBহতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online- এ আবেদন Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত সকল প্রয়োজনে সহায়ক হিসেবে ব্যবহার ও সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোনো ভুল থাকে বা অস্পষ্ট (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) ছবি/স্বাক্ষর না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করা যাবে।

উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থীকে অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোনো teletalk Pre-Paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১-০৬ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ০৭-১১ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

প্রথম SMS: DCJAMALPUR<space> UserID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: DCJAMALPUR<space> ABCDEF send to 16222
দ্বিতীয় SMS DCJAMALPUR<space> Yes <space> PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: DCJAMALPUR<space> Yes <space> 1234567 send to 16222
বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMSএ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদির তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যত প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। সকল পদে আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcjamalpur.teletalk.com.bd জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর ওয়েবসাইটে (www.dcjamalpur.gov.bd)-তে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদন পত্রে প্রার্থীর মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ UserID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User IDজানা থাকলে:
DCJAMALPUR<space> Help <space> User ID & send to 16222
Example: DCJAMALPUR Help ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে;
DCJAMALPUR<space> Help <space> PIN Number & send to 16222
Example: DCJAMALPUR Help 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code, স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://dcjamalpur.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ইমেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject-এ Organization Name: DCJAMALPUR. Post Name: ..... Application User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

মোহাম্মদ ইউসুপ আলী
জেলা প্রশাসক
জামালপুর
ফোনঃ ০২৯৯৭৭৭২১২৩
dcjamalpur@mopa.gov.bd

স্মারক নম্বর - ০৫.৪৫.৩৯০০.০১০.০৪.০৩৪.২৬-২০৩

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫. জেলা প্রশাসক, ... (সকল)।
০৬. পুলিশ সুপার, জামালপুর।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
০৮. উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৯. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), জামালপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১.সহকারী কমিশনার (ভূমি) ..... (সকল), জামালপুর। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জামালপুর। (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েবসাইটে নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সম্পাদক, ... (তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় আগামী ০২ (দুই) দিনের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১৫. অফিস কপি।

০১.১১.২৬

জেলা প্রশাসক
জামালপুর।